

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.১১.০০১.২০.

তারিখ: কার্তিক, ১৪২৮ ব.
অক্টোবর, ২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয় : ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৯ এর লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত ফলাফল সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক বিগত ১৫ ও ১৬ নভেম্বর, ২০১৯ তারিখে গৃহীত ষোড়শ শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষায় ২২,৩৯৮ জন প্রার্থী উত্তীর্ণ হন। উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে স্কুল-২ পর্যায়ে ১,০৮০ জন, স্কুল পর্যায়ে ১৫,২৪০ জন এবং কলেজ পর্যায়ে ৩,৮১১ জন সহ মোট ২০,১৩১ জন প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেন। লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত ফলাফল অদ্য ১৭ অক্টোবর, ২০২১ তারিখ বিকাল ০৫:০০ টায় প্রকাশ করা হয়।

স্কুল-২ পর্যায়ে ৯৯৬ জন, স্কুল পর্যায়ে ১৪,০৪৬ জন এবং কলেজ পর্যায়ে ৩,৫০৮ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন। চূড়ান্তভাবে সর্বমোট ১৮,৫৫০ জন প্রার্থী ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। সার্বিক পাসের হার ৯২.১৫।

প্রার্থীগণ পরীক্ষার ফলাফল <http://ntrca.gov.bd> এবং <http://ntrca.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে রাত ১০:০০ টার পর জানতে পারবেন। তাছাড়াও টেলিটক বিডি লিঃ কর্তৃক কৃতকার্য প্রার্থীদের ফলাফল SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।


স্বাক্ষরিত
(মোঃ এনামুল কাদের খান)
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
এনটিআরসিএ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.১১.০০১.২০.৬৩৫(৩)

তারিখ: ০৯ কার্তিক, ১৪২৮ ব.
৩৭ অক্টোবর, ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(বিজ্ঞপ্তিটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহুল প্রচারের অনুরোধসহ)।
৩. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (বিজ্ঞপ্তিটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।


১৭.১০.২০২১ খ্রি.
(এ বি এম শওকত ইকবাল শাহীন)
সদস্য (যুগ্ম সচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।